দামুড়হুদায় সুলভ মূল্যে মাংস-ডিম বিক্রির উদ্ধোধন

পবিত্র মাহে রমজানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলায় সুলভ মূল্যে প্রাণিজাত পণ্য বিক্রয় কার্যক্রম শুরু হয়েছে। উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের যৌথ উদ্যোগে এ বিশেষ কর্মসূচির উদ্বোধন করা হয়।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে দেওলী মোড়ে অবস্থিত আতিকুর মিট স্টোর প্রাঙ্গণে কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপীসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, আসন্ন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় প্রাণিজাত পণ্যের মূল্য সহনীয় রাখতে এবং সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে মাংস ও ডিম সরবরাহ নিশ্চিত করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। নির্ধারিত মূল্যে গরু ও মুরগির মাংস এবং ডিম বিক্রি করা হবে, যাতে নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের মানুষ স্বস্তিতে রমজানের প্রস্তুতি নিতে পারেন।

এ বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলিমা আক্তার হ্যাপী বলেন, কেন্দ্রীয় নির্দেশনার আলোকে সারা দেশে সুলভ মূল্যে মাংস ও ডিম বিক্রির উদ্যোগ নেওয়া হয়েছে। তারই অংশ হিসেবে চুয়াডাঙ্গার দামুড়হুদায় নির্ধারিত বিক্রয়কেন্দ্রে সাধারণ ক্রেতারা কম মূল্যে প্রাণিজাত পণ্য ক্রয় করতে পারছেন।

তিনি আরও বলেন, রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের চাহিদা বেড়ে যায়। এ সময় সাধারণ মানুষের ওপর যেন বাড়তি চাপ না পড়ে, সেজন্যই এই উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। দোকানদার নিজেও একজন খামারি হওয়ায় উৎপাদন ও সরবরাহ ব্যবস্থাপনায় অভিজ্ঞতা রয়েছে, ফলে সুলভ মূল্যে পণ্য সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল জানান, বাজার মনিটরিংয়ের পাশাপাশি এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত থাকবে। রমজানে কেউ যেন কষ্টে না থাকেন, সে লক্ষ্যেই প্রশাসনের এই

উদ্যোগ। স্থানীয়রা এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এবং রমজানজুড়ে কার্যক্রম চালু রাখার আহ্বান জানিয়েছেন।

দামুড়হুদায় পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

আসন্ন পবিত্র রমজান মাসকে সামনে রেখে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের স্থিতিশীলতা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং সার্বিক প্রস্তুতি নিশ্চিত করতে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল-এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প্রাণী সম্পদ অফিসার নিলীমা আক্তার হ্যাপী, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা মৎস্য অফিসার বিল্লাল হোসেন, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, দামুড়হুদা মডেল থানার প্রতিনিধি এসআই সবুজ উদ্দীন, দর্শনা থানার প্রতিনিধি এসআই আরিফুল ইসলাম, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রভাষক শামসিয়া ফাহমিদা রহমান, দামুড়হুদা পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা ভারপ্রাপ্ত নির্বাচন অফিসার রাশিদুল ইসলাম, উপজেলা মডেল মসজিদের ইমাম হাফেজ মাওঃ মামুনুর রশীদ সহ সভায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সভায় রমজান মাসে বাজার মনিটরিং জোরদার, ভেজাল ও অতিরিক্ত মূল্য আদায় রোধ, পর্যাপ্ত খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ, বিদ্যুৎ ও পানি সরবরাহ স্বাভাবিক রাখা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে

সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার উবায়দুর রহমান সাহেল বলেন, রমজানে সাধারণ মানুষের স্বস্তি নিশ্চিত করতে প্রশাসন সর্বোচ্চ সতর্ক থাকবে। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও জনদুর্ভোগ কমাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সভা শেষে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানানো হয়।